# ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত ন্যাশনাল টিউবস লিঃ-এর ৪২তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

২৮ ডিসেম্বর ২০২২, রোজ বুধবার, বিকাল ৩.০০ ঘটিকায় ভার্চুয়াল প্লাটফর্মে ন্যাশনাল টিউবস লিমিটেড (এনটিএল)-এর ৪২তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) এবং এনটিএল-এর চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল হক ভূঁঞা, এনডিসি সভাপতিত্ব করেন। উক্ত সভায় পরিচালনা পর্ষদের নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেনঃ

| | |
|---|---|
| ১। জনাব এ কে এম বেনজামিন রিয়াজী, পরিচালক (অর্থ), (পেট্রোবাংলা) | -পরিচালক |
| ২। জনাব শাহ্ মোমিন, উপ সচিব ও মাননীয় শিল্প প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয় | - পরিচালক |
| ৩। ড. মোঃ রিদওয়ানুল হক, অধ্যাপক, আইবিএ, ঢাকা বিশ্ববিদ্যালয় | - স্বতন্ত্র পরিচালক |
| ৪। জনাব এস. এম. রুহুল আমীন (রিজভী), এ্যাডভোকেট | - পরিচালক |
| ৫। পীরজাদা তোরাব হোসেন | - স্বতন্ত্র পরিচালক |
| ৬। জনাব এ কে এম আনোয়ার মোর্শেদ, ব্যবস্থাপনা পরিচালক, এনটিএল | - পরিচালক |

৪২তম বার্ষিক সাধারণ সভায় কোম্পানির ৫১% শেয়ারহোল্ডার বিএসইসি'র প্রতিনিধি বিএসইসি'র সচিব, জনাব নাজমুল হক প্রধান এবং ২৬জন শেয়ারহোল্ডার ভার্চুয়াল মাধ্যমে উপস্থিত ছিলেন। এছাড়া, এনটিএল'র কোম্পানি সচিব জনাব মোঃ সেলিম হাওলাদার, নিরীক্ষা ফার্মের প্রতিনিধি, কমপ্লায়েন্স অডিটর, Scrutinizer সহ অন্যান্য প্রতিনিধি উপস্থিত ছিলেন।

চেয়ারম্যান এর অনুমতিক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে ৪২তম বার্ষিক সাধারণ সভা শুরু করা হয়। অতঃপর, এনটিএল'র ব্যবস্থাপনা পরিচালক এ, কে, এম আনোয়ার মোর্শেদ স্বাগত বক্তব্য প্রদান করেন। স্বাগত বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন এবং ন্যাশনাল টিউবস লিমিটেড এর কোম্পানি বোর্ডের সম্মানিত চেয়ারম্যান, কোম্পানি বোর্ডের সম্মানিত পরিচালকবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারগণ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, সভায় উপস্থিত ও সংযুক্ত সকলকে স্বাগত জানান। তিনি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী বাংলার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, সে সাথে শ্রদ্ধাভরে স্মরণ করেন মহান মুক্তিযুদ্ধের সেই সব বীর সন্তানদের যাদের আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি একটি সার্বভৌম দেশ, পবিত্র সংবিধান, নিজেস্ব মানচিত্র, স্বাধীন জাতিসত্তা ও লাল-সবুজের পতাকা। তিনি গভীরভাবে স্মরণ করেন জাতীয় চার নেতা সহ ১৫ 'ই আগষ্ট নিহত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পরিবারের সকল সদস্যদের।

তিনি অবহিত করেন যে, রাশিয়া ইউক্রেন যুদ্ধ ও কোভিড-১৯ পরবর্তী বৈশিক সংকটের কারনে ব্যবসায়ের উপর ব্যাপক আকারে নেতিবাচক প্রভাব পড়েছে। তিনি আরো বলেন, এনটিএল একমাত্র এপিআই লাইসেন্সধারী সরকারি প্রতিষ্ঠান হওয়ায় এর উৎপাদিত পাইপের প্রধান ক্রেতা পেট্রোবাংলার অধীনস্থ গ্যাস কোম্পানিসমূহ। বিগত বছর সমূহের ন্যায় দেশে গ্যাস সংকটের কারণে নতুন গ্যাস সংযোগ অত্যন্ত সীমিত ও গাস সেক্টরের উন্নয়নমূলক/গ্যাস লাইন সম্প্রসারণের কাজ সংকুচিত হওয়ার প্রেক্ষিতে গ্যাস সেক্টরে পাইপের চাহিদা হ্রাস পাওয়ায় এবং কোভিড-১৯ এর প্রভাবে কাঁচামাল ক্রয় বাধাগ্রস্থ হওয়ায় প্রতিষ্ঠানের উৎপাদন ও বিক্রয় কম হয়েছে। ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরে কিছুটা মুনাফা অর্জন করতে সক্ষম হলেও আলোচ্য ২০২১-২০২২ অর্থবছরে কয়েকবার টেন্ডার আহবান করা হলেও যোগ্য কোন দরদাতা প্রতিষ্ঠান না পাওয়ায় কাঁচামাল (স্টীল স্ট্রীপস) আমদানি করা সম্ভব হয়নি। এতে উৎপাদন ব্যাপক আকারে হ্রাস পেয়েছে। পাশাপাশি বিক্রয় হ্রাস পেয়েছে। উৎপাদন লক্ষ্যমাত্রা ৪০০০ মে. টন বিপরীতে মাত্র ৫৯৯ মে. টন এবং বিক্রয় লক্ষ্যমাত্রা ৫০০০ মে. টন বিপরীতে মাত্র ২০৭২ মে. টন বিক্রয় করা সম্ভব হয়েছে। উৎপাদন ও বিক্রয় কম হলেও স্থায়ী খরচ পরিহার করার উপায় ছিল না। এছাড়া প্রতিষ্ঠানের চলতি মুলধনের স্বল্পতা হেতু ব্যাংক ঋণ গ্রহণের মাধ্যমে স্ট্রীপস আমদানি করতে হয়। ফলে ব্যাংক ঋণের উপর অধিক সুদ পরিশোধ করতে হয়েছে। ফলে মুনাফার ধারা ধরে রাখা সম্ভব হয়নি।

তিনি আরো বলেন, চলতি অর্থবছরে ইতোমধ্যে ১০০০ মেঃটন এপিআই স্ট্রীপস ক্রয় করা হয়েছে এছাড়া ১৭০০ মেঃটন স্ট্রীপস ক্রয়ের জন্য এলসি খোলার কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। চাহিদানুযায়ী আরো কাঁচামাল ক্রয়ের প্রক্রিয়া চলমান আছে। চলতি বছরে এনটিএল'র উৎপাদিত এপিআই পাইপের বিক্রয় মূল্য বৃদ্ধি করা হয়েছে। যদি সবকিছু ঠিক থাকে এবং সঠিক সময় কাঁচামাল ক্রয় করা সম্ভব হয় তবে চলতি বছর প্রতিষ্ঠানটি মুনাফার ধারায় ফিরে আসবে ইনশাআল্লাহ। আরো উল্লেখ্য করেন যে, আমদানী পর্যায়ে ডেমারেজ সম্পূর্ণ নির্মুল করণ, সিডি ভ্যাট খাতে সুবিধা গ্রহণ, দক্ষ আর্থিক ব্যবস্থাপনা এবং কৃচ্ছ্রতা তথা ব্যয় সংকোচন নীতি গ্রহণের মাধ্যমে কোম্পানির সার্বিক ব্যয় ক্রমান্বয়ে নিয়ন্ত্রণের চেষ্টা করা হচ্ছে। এছাড়া নতুন নতুন ক্রেতা প্রতিষ্ঠান যেমন: ওয়াসা, মেট্রোরেল, BRTA, Roop pur n-plant, IDCOL-G street lamp pole সহ অন্যান্য প্রকল্পে পাইপ বিক্রয়ের নিমিত্ত এনটিএল তালিকাভুক্ত হয়েছে এবং পাইপ সরবরাহ করা হচ্ছে।

ব্যবস্থাপনা পরিচালক বলেন, প্রতিষ্ঠানটি অনেক পুরাতন তাই শিঘ্রই বিএমআরই করা প্রয়োজন। এছাড়া, প্রতিষ্ঠানের চারপাশের বাউন্ডারি দেয়াল খুব নিচু ফলে নিরাপত্তা জনিত বিভিন্ন ধরণের সমস্যার সৃষ্টি হচ্ছে। বিধায় বাউন্ডারি দেয়াল সংস্কার করে উঁচু করার ব্যবস্থা করতে হবে। এছাড়া এনটিএল এর রাস্তা হতে পাশ্ববর্তী রাস্তা অর্থাৎ মেইন রাস্তা অনেক উচুঁ হওয়াতে বর্ষায় কারখানা/অফিসের ভিতরে পানি প্রবেশ করে বিভিন্ন ধরণের আসবাবপত্র/মেশিনারি নষ্ট হয়। এক্ষেত্রে পানি নিস্কাশনের ব্যবস্থা রেখে কারখানাকে নিরাপদ রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশাপাশি ভুমি উন্নয়ন/সংস্কার করে এনটিএল এর ভিতরের সকল রাস্তা উচু করার ব্যবস্থা করতে হবে।

তিনি কৃতজ্ঞতা জানান বিভিন্ন সরকারি/বে-সরকারি ক্রেতা প্রতিষ্ঠানের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রতি, যারা এনটিএল এর পাইপ ক্রয় এবং বিভিন্ন ধরণের মালামাল গ্যালভানাইজিং ও স্টিল স্ট্রাকচার এর কাজ প্রদান করে এনটিএল- কে সহায়তা করে আসছেন। একই সাথে এনটিএল-এর পাইপ বিপণনে সকলের সম্মিলিত প্রচেষ্টা ও সহযোগিতা এবং বিভিন্ন বিষয়ে মূল্যবান পরামর্শ দানের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক মোবারকবাদ জানান।

তিনি কারখানার ভবিষ্যৎ কার্যক্রম ও পরিকল্পনা সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ প্রদানকালে বলেন যে, এনটিএল-এর উৎপাদিত পাইপ দ্বারা সরকারি প্রতিষ্ঠানের চাহিদা মেটানোর পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান যেমন- শিপ বিল্ডিং/শিপ রিপেয়ার, রাজউক, প্রসেস ইন্ডাষ্ট্রিজ ইত্যাদি প্রতিষ্ঠান/সংস্থার বিক্রয় বাড়ানোর জন্য বিপনন কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও বিভিন্ন মেগা প্রজেক্ট যেমন: ওয়াসা, মেট্রোরেল, BRTA, Roop pur n-plant, IDCOL-G street lamp pole এর জন্য সহ অন্যান্য প্রকল্পে পাইপ বিক্রয়ের নিমিত্ত এনটিএল তালিকাভুক্ত হয়েছে এবং পাইপ সরবরাহ করা হচ্ছে। প্রোডাক্ট ডাইভার্সিফিকেশন এর পদক্ষেপ হিসাবে স্টীল স্ট্রাকচারের মাধ্যমে বিল বোর্ড ও সেড নির্মানের কাজ চলমান রয়েছে। বহির্বিশ্বে পাইপ রপ্তানির লক্ষ্যে পৃথিবীর বিভিন্ন দেশ যেমন- তুরস্ক, ঘানা, রাশিয়া ও আমেরিকার ক্রেতাদের সাথে পাইপ রপ্তানির বিষয়ে যোগাযোগ অব্যাহত আছে। উল্লিখিত দেশের ক্রেতাদের চাহিদা অনুযায়ী পাইপ তৈরী ও রপ্তানির পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে পাইপ রপ্তানি করার উদ্দেশ্যে কুয়েত এর একটি প্রতিষ্ঠান KOOFAN General Trading & Contracting Company এর সাথে পাঁচ বছরের জন্য একটি চুক্তি হয়েছে। এছাড়া নিরবিচ্ছিন্নভাবে কাঁচামালের সরবরাহ ও সাশ্রয়ী মূল্য প্রাপ্তির লক্ষ্যে ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্ট এর চেষ্টা চলমান রয়েছে। আশাকরা যায় খুব শিঘ্রই আন্তর্জাতিক মান সম্পন্ন স্ট্রিপস উৎপাদনকারী বিদেশি কোম্পানির সাথে ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদন করা সম্ভব হবে। প্রতিষ্ঠানের ৮" মিলের মেশিনারিজ মেরামত এবং আধুনিক মেশিনারীজ স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ন্যাশনাল টিউবস লিঃ এর উৎপাদিত এপিআই পাইপ অনলাইন ইডি কারেন্ট/ আল্ট্রাসনিক/ ম্যাগনেটিক ফ্লাক্স লিকেজ পদ্ধতির মাধ্যমে টেষ্ট করার জন্য আধুনিক ইডি কারেন্ট টেস্টিং মেশিন ক্রয়ের কার্যক্রম ও এনটিএল'র পাইপের নকল রোধ ও আধুনিক পাইপ মার্কিং ব্যবস্থা প্রবর্তনের জন্য ডিজিটাল মার্কিং মেশিন ক্রয়ের কাজ চলমান রয়েছে।

সবশেষে ব্যবস্থাপনা পরিচালক বার্ষিক সাধারণ সভায় সকলের সক্রিয় অংশগ্রহণ, গঠনমূলক আলোচনা, বিজ্ঞ মতামত ও পরামর্শ/উপদেশ এনটিএল-এর আগামী দিনের কার্যক্রম সঠিকভাবে পরিচালনায় অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। অত্র আয়োজনে ভুলত্রুটি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ করেন এবং নতুন বছর-২০২৩ এর শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য শেষ করেন।

পরবর্তীতে চেয়ারম্যান মহোদয় তার বক্তব্যে, ৪২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, প্রতিষ্ঠানের পরিচালকমন্ডলী, কর্মকর্তা-কর্মচারী-শ্রমিকদের শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন বক্তব্যের শুরুতে বিজয়ের মাসে শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। স্মরণ করেন বঙ্গবন্ধুর ডাকে সারা দিয়ে যে সকল বীর সন্তানেরা ০৯ মাস রক্তক্ষয়ী যুদ্ধে শহীদ হয়ে একটি স্বাধীন-সার্বভৌম দেশ উপহার দিয়েছে তাদেরকে। শ্রদ্ধা ও সম্মান জানান, সেকল মুক্তিযোদ্ধাদের যারা মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দেশকে স্বাধীন করার ক্ষেত্রে ভূমিকা পালন করেছে। শ্রদ্ধা জানান ১৫ই আগষ্টে নিহত বঙ্গমাতাসহ বঙ্গবন্ধুর পরিবারের সকল সদস্যদের প্রতি এবং সেই সাথে ধিক্কার ও ঘৃণা জানান সে সেকল বিপদগামী সেনা সদস্যদের প্রতি যারা বঙ্গবন্ধু ও তাঁর পরিবারকে হত্যা করেছে।

চেয়ারম্যান মহোদয় বলেন, ন্যাশনাল টিউবস লি: ইতোপূর্বে কখনো লস (LOSS) করে নি এবং প্রতি বছরই লভ্যাংশ প্রদান করেছে। এই প্রথম শূন্য (০) লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বৎসরে মুনাফা না হওয়ার কারণ ও লভ্যাংশ ঘোষণা না দেয়ার কারণ, ব্যবসায়িক কার্যক্রমসহ অন্যান্য তথ্যাদি ইতোমধ্যে পরিচালনা পর্ষদের প্রতিবেদনে উপস্থাপনের মাধ্যমে বার্ষিক প্রতিবেদনে অর্ন্তভূক্ত করা হয়েছে। বর্তমানে গৃহীত বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে আশা করা যায় চলতি অর্থ বৎসরে মুনাফা অর্জন করা সম্ভব হবে। পরবর্তীতে ডিজিটাল প্লাটফর্মে সকলে যুক্ত থাকার জন্য সবার প্রতি কৃতজ্ঞতা জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী বার্ষিক সাধারণ সভার কার্যক্রম শুরু করার জন্য কোম্পানি সচিবকে আহবান করেন।

কোম্পানি সচিব চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জানিয়ে সকলের অবগতির জন্য জানান যে, "অদ্যকার বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য ৫ (পাঁচ)টি এজেন্ডা ছিল। যা অনুমোদনের জন্য শেয়ারহোল্ডারদের নিকট থেকে এজিএম শুরু হওয়ার ২৪ (চব্বিশ) ঘন্টা পূর্ব হতে ভোট প্রদানের সুযোগ দেয়া হয়।

আলোচ্যসূচি-১: **<u>৩০ জুন, ২০২২ তারিখ সমাপ্ত অর্থবছরের কোম্পানির নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষকদের প্রতিবেদন এবং পরিচালনা পর্ষদের বার্ষিক প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।</u>**

কোম্পানি সচিব ২০২১-২০২২ অর্থবছরের কোম্পানির নিরীক্ষিত হিসাব, নিরীক্ষকদের প্রতিবেদন শেয়ারহোল্ডারদের নিকট ই-মেইলের মাধ্যমে প্রেরিত পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশকৃত কোম্পানির বার্ষিক প্রতিবেদন বিবেচনা ও অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। কোম্পানী সচিব সভাকে অবহিত করেন যে, পরিচালনা পরিষদ কর্তৃক সুপারিশকৃত ২০২১-২০২২ অর্থবছরের কোম্পানির নিরীক্ষিত

হিসাব, নিরীক্ষকদের প্রতিবেদন এবং কোম্পানির পরিচালনা পর্ষদের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনের জন্য সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে লগইন প্রক্রিয়ায় ভোটিং সিষ্টেমে ভোট প্রদানের অনুরোধ করা হয়েছিল।

আলোচ্য প্রস্তাবের সমর্থনে ১,৭৭,৬০,৯০১ টি ভোট পাওয়া গিয়েছে এবং প্রস্তাবের বিপক্ষে ৫টি ভোট পড়েছে। সুতরাং পক্ষে বেশি ভোট পড়ায় আলোচ্যসূচিটি অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্তঃ শেয়াহোল্ডারগণ কর্তৃক অনলাইনে প্রদত্ত ভোটের ভিত্তিতে ৩০ জুন, ২০২২ তারিখ সমাপ্ত ২০২১-২০২২ অর্থবছরের কোম্পানির নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষকদের প্রতিবেদন এবং কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশকৃত বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন করা হলো।

আলোচ্যসূচি-২: <u>৩০ জুন, ২০২২তারিখ সমাপ্ত অর্থবছরের জন্য লভ্যাংশ (ডিভিডেন্ড) ঘোষণা।</u>

কোম্পানি সচিব লভ্যাংশ ঘোষণা সম্পর্কে সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থবছরে ৮.১০ (আট কোটি দশ লক্ষ) টাকা নীট লোকসান, বর্তমান ব্যবসায়িক সার্বিক অবস্থা এবং লভ্যাংশ দেয়ার জন্য যথেষ্ট পুঞ্জিভূত মুনাফা না থাকায় পরিচালনা পর্ষদ কর্তৃক কোন লভ্যাংশ প্রদান না করার সুপারিশ করেছে। সে অনুযায়ী লভ্যাংশ না প্রদানের বিষয়টি কোম্পানির ৪২তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের নিমিত্ত অনলাইন মাধ্যমে সম্মানিত শেয়ারহোল্ডারগণের ভোট গ্রহণের ব্যবস্থা করা হলে লভ্যাংশ প্রদান না করার পক্ষে ১,৭৭,৬০,৯০২ টি ভোট এবং বিপক্ষে ৪০০৫ টি ভোট পড়েছে। সুতরাং পক্ষে বেশি ভোট পড়ায় লভ্যাংশ প্রদান না করার আলোচ্যসূচিটি অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্তঃ অনলাইন মাধ্যমে শেয়ারহোল্ডারগণ কর্তৃক প্রদত্ত ভোটের ভিত্তিতে ২০২১-২০২২ অর্থবছরে পরিচালনা পর্ষদের সুপারিশের ভিত্তিতে যথেষ্ট পুঞ্জিভূত মুনাফা না থাকায় কোন লভ্যাংশ না দেয়ার বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হ'ল।

আলোচ্যসূচি-৩: <u>গ্রুপ "এ" এর ২ জন পরিচালকের অবসর গ্রহণ এবং ১ জন পরিচালক নির্বাচন প্রসংগে।</u>

কোম্পানি সচিব অবসরগ্রহণকারী পরিচালকের স্থলে নতুন পরিচালক মনোনয়ন/নির্বাচনের বিষয়ে সাধারণ সভাকে অবহিত করেন যে, কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশন- এর ১০৫ ধারা অনুযায়ী প্রতিষ্ঠানের পরিচালকবৃন্দ নিয়োগ ও অবসরগ্রহণ করে থাকেন। কোম্পানির ৪২তম বার্ষিক সাধারন সভায় গ্রুপ 'এ' ভুক্ত পরিচালক জনাব মোঃ শহীদুল হক ভূঁঞা, এন.ডি.সি. এবং জনাব এস.এম.রুহুল আমীন (রিজভী) অবসর গ্রহণ করবেন।

তিনি আরো বলেন যে, গ্রুপ 'বি' ভুক্ত শেয়ারহোল্ডার পরিচালকদের শূণ্য পদ পূরণের জন্য পরিশোধিত মূলধনের নূন্যতম ২% শেয়ারধারী আগ্রহী শেয়ারহোল্ডারদের নিকট থেকে অভিপ্রায় পত্র প্রেরণের নিমিত্ত পত্রিকায় ও কোম্পানির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে কোন শেয়ারহোল্ডারের নিকট থেকে ২% শেয়ারধারী হিসেবে অভিপ্রায় পত্র পাওয়া যায়নি।

তিনি আরো জানান, "গ্রুপ 'এ' হতে দু'জন পরিচালক অবসর গ্রহণ করার প্রেক্ষিতে ৫১% শেয়ারহোল্ডার বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন কর্তৃক ১(এক) জন পরিচালক অর্থাৎ জনাব মোঃ শহীদুল হক ভূঁঞা, এন.ডি.সি, -কে পরিচালক পদে পূনঃনিয়োগ দিয়েছেন।

এমতাবস্থায়, ৪২তম বার্ষিক সাধারণ সভায় "গ্রুপ 'এ' হতে দু'জন পরিচালক অর্থাৎ জনাব মোঃ শহীদুল হক ভূঁঞা, এন.ডি.সি, এবং জনাব এস.এম.রুহুল আমীন (রিজভী)-কে অবসর প্রদান এবং জনাব মোঃ শহীদুল হক ভূঁঞা, এন.ডি.সি,-কে পূণরায় নিয়োগের বিষয়টি অনলাইন মাধ্যমে শেয়ারহোল্ডারগণ কর্তৃক ভোটের ব্যবস্থা করা হলে প্রস্তাব অনুমোদনের পক্ষে ১,৭৭,৬০,৯০২ টি ভোট এবং বিপক্ষে ৫টি ভোট পাওয়া গিয়াছে। ফলে পক্ষে বেশি ভোট পড়ায় আলোচ্যসূচিটি অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্তঃ ক) কোম্পনী সচিব কর্তৃক উপস্থাপিত তথ্যাদির ভিত্তিতে গ্রুপ "এ" এর ৫১% শেয়ারহোল্ডার হতে জনাব মোঃ শহীদুল হক ভূঁঞা, এন.ডি.সি, এবং জনাব এস.এম.রুহুল আমীন (রিজভী)-কে পরিচালক পদ হতে অবসর প্রদান করা হলো।

খ) গ্রুপ "এ" এর ৫১% শেয়ারহোল্ডার হতে পরিচালক জনাব মোঃ শহীদুল হক ভূঁঞা, এন.ডি.সি-কে পূণরায় নির্বাচনের বিষয়টি অত্র বার্ষিক সাধারণ সভায় বেশী ভোট পড়ায় নিয়োগটি অনুমোদন করা হলো।

গ) গ্রুপ 'বি' শেয়ারহোল্ডার পরিচালকদের শূন্য পদ পূরণের জন্য পরিশোধিত মূলধনের নূন্যতম ২% শেয়ারধারী আগ্রহী শেয়ারহোল্ডারদের নিকট থেকে নির্ধারিত সময়ের মধ্যে থেকে কোন অভিপ্রায় পত্র পাওয়া না যাওয়ায় গ্রুপ 'বি' এর পরিচালক শূন্য ঘোষণা করা হলো।

আলোচ্যসূচি-৪: ২০২২-২০২৩ অর্থবছরের জন্য কোম্পানির নিরীক্ষক নিয়োগ ও তাদের ফি নির্ধারণ।

২০২২-২০২৩ অর্থবছরের জন্য কোম্পানির নিরীক্ষক নিয়োগ ও তাদের ফি নির্ধারণের বিষয়ে বার্ষিক সাধারণ সভাকে চেয়ারম্যান অবহিত করেন। তিনি বলেন যে,এনটিএল-এ নিরীক্ষা প্রতিষ্ঠান 'খান ওহাব শফিক রহমান এন্ড কোং' চার্টার্ড একাউন্ট্যান্টস, রূপালী বীমাভবন, ৭ রাজউক এভিনিউ (৬ষ্ঠ ও ৭ম তলা), মতিঝিল, ঢাকা-১০০০, চার্টার্ড একাউন্ট্যান্টস- এর নিয়োগের মেয়াদ ৪২তম বার্ষিক সাধারণ সভায় দুই বছর পূর্ণ হচ্ছে। উক্ত প্রতিষ্ঠান পরবর্তী অর্থাৎ ২০২২-২০২৩ অর্থবছরে কোম্পানির নিরীক্ষক হিসাবে পুনঃনিয়োগের জন্য আবেদন করেছে। বার্ষিক নিরীক্ষা ফি ৯৯,৫০০/-(নিরানব্বই হাজার পাঁচশত) টাকায় পুনঃনিয়োগের বিষয়ে এনটিএল-এর পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশ করা হয়েছে। সে প্রেক্ষিতে নিরীক্ষা ফি ৯৯,৫০০/-(নিরানব্বই হাজার পাঁচশত) টাকায় ২০২২-২০২৩ অর্থবছরের জন্য 'খান ওহাব শফিক রহমান এন্ড কোং' চার্টার্ড একাউন্ট্যান্টসকে কোম্পানির নিরীক্ষক হিসেবে নিয়োগের প্রস্তাব অত্র বার্ষিক সাধারন সভায় অনলাইন মাধ্যমে সম্মানিত শেয়ারহোল্ডারগণের মধ্যে ভোট গ্রহণের ব্যবস্থা করা হয়। অনুমোদনের পক্ষে ১,৭৭,৬০,৯১৬ টি ভোট এবং বিপক্ষে ৫টি ভোট পাওয়া গিয়াছে।

এমতাবস্থায়, অনুমোদনের পক্ষে বেশি ভোট পড়ায় আলোচ্যসূচিটি অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্তঃ শেয়ারহোল্ডাবৃন্দের অনলাইনে প্রাপ্ত ভোটের ভিত্তিতে খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, রূপালী বীমা ভবন, ৭ রাজউক এভিনিউ (৬ষ্ঠ ও ৭ম তলা), মতিঝিল, ঢাকা-১০০০-কে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য সর্বসাকুল্যে নিরীক্ষা ফি (ভ্যাট ও আয়করসহ) ৯৯,৫০০/- (নিরানব্বই হাজার পাঁচশত) টাকায় বহি: নিরীক্ষক নিয়োগের বিষয়টি অনুমোদন করা হলো।

আলোচ্যসূচি নং-৫: ২০২২-২০২৩ অর্থবছরের জন্য কমপ্লায়েন্স নিরীক্ষক নিয়োগ এবং তাদের ফি নির্ধারণ।

কোম্পানী সচিব বলেন, কর্পোরেট গভর্নেন্স কোড-এর ৯(১) শর্তানুযায়ী কমপ্লায়েন্স সার্টিফিকেট গ্রহণের জন্য পেশাদার একাউন্ট্যান্ট/ সেক্রেটারী নিয়োগের নিয়ম বিদ্যমান আছে। বিগত ২৭-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৪১তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থবছরে ২০,০০০(বিশ হাজার) টাকা পেশাগত ফি-তে ইসলাম কাজী সফিক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস-কে ২০২১-২০২২ অর্থবছরের কমপ্লায়েন্স সার্টিফিকেট গ্রহণ করার জন্য কোম্পানির Compliance Auditor হিসাবে নিয়োগ করা হয়। তদপ্রেক্ষিতে ইসলাম কাজী সফিক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্ ন্যাশনাল টিউবস লিঃ এর ২০২১-২০২২ অর্থবছরের নিরীক্ষা কার্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্পোরেট গভর্নেন্স কোড অনুযায়ী সম্পাদন করেছে এবং কমপ্লায়েন্স সার্টিফিকেট প্রদান করেছে। উক্ত ফার্ম-এর আগ্রহের প্রেক্ষিতে পরবর্তী অর্থাৎ ২০২২-২০২৩ অর্থবছরে কর্পোরেট গভর্নেন্স কোড-এর কমপ্লায়েন্স নিরীক্ষা সম্পাদন ও সার্টিফিকেট গ্রহণের নিমিত্ত এনটিএল কোম্পানি বোর্ড কর্তৃক সুপারিশ করা হয়েছে। এর প্রেক্ষিতে 'ইসলাম কাজী সফিক এন্ড কোং' চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম- কে নিরীক্ষা ফি ২০,০০০/-(বিশ হাজার) টাকায় নিয়োগের বিষয়টি কোম্পানির ৪২তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের নিমিত্ত অনলাইন মাধ্যমে সম্মানিত শেয়ারহোল্ডারগণের মধ্যে ভোট গ্রহণের ব্যবস্থা করা হয়। অনুমোদনের পক্ষে ১,৭৭,৬০,৯১৬ টি ভোট এবং বিপক্ষে ৫টি ভোট পাওয়া গিয়াছে।

সুতরাং, প্রস্তাবের পক্ষে বেশি ভোট পড়ায় আলোচ্যসূচিটি অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্তঃ শেয়ারহোল্ডাবৃন্দের প্রস্তাব ও সমর্থন এবং অনলাইনে প্রাপ্ত ভোটের ভিত্তিতে কর্পোরেট গভর্নেন্স কোড পরিপালন সংক্রান্ত নিরীক্ষা সম্পাদন ও কমপ্লায়েন্স সার্টিফিকেট অর্জনের লক্ষ্যে 'ইসলাম কাজী সফিক এন্ড কোং' চাটার্ড একাউন্ট্যান্টস-কে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য নিরীক্ষা ফি বাবদ (ভ্যাট ও আয়করসহ) ২০,০০০/-(বিশ হাজার) টাকায় নিয়োগ এর বিষয়টি অনুমোদন করা হলো।

আলোচ্যসূচিসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন শেষে কোম্পানি সচিব ভার্চুয়াল মাধ্যমে প্রাপ্ত সম্মানিত শেয়ারহোল্ডারদের মতামত থেকে কয়েকটি মতামত পাঠ করে সকলকে অবহিত করেন, যা নিম্নরূপঃ

সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ সোহরাব হোসেন লিংকন (বিও নং-১২০১৪৭০০০০২১৭১১) তিনি লভ্যাংশ প্রদান না করায় দুঃখ প্রকাশ করেন।

সম্মানিত শেয়ারহোল্ডার জনাব সংকর কুমার মল্লিক (বিও নং-১২০৪৪৩০০১৫৩৪০৬৫৬) তিনি আগামী বছর লভ্যাংশ প্রদানের অনুরোধ করেন। এছাড়া আগামী বার্ষিক সাধারণ সভা স্ব-শরীরে করার আহবান জানান। তিনি প্রতিষ্ঠানের ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে জানতে চান।

সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোহাম্মদ মনসুর-এ-খোদা (বিও নং-১২০২৫৩০০০৭৯৬১৯২২) তিনি ডিজিটাল প্লাটফর্মে এজিএম করায় ধন্যবাদ জানান। এছাড়া তিনি আগামী বছর ভালো লভ্যাংশ পাওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ জালাল উদ্দিন (বিও নং-১২০৪৪৩০০৩৯৭৮৫২৩৯) তিনি ডিজিটাল প্লাটফর্মে এজিএম করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ আনোয়ার হোসেন (বিও নং-১২০১৫৩০০০০৬৫৯৩৫৮) তিনি সকলকে ধন্যবাদ জানান।

সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ আনোয়ার হোসেন (বিও নং-১২০১৫৩০০০০৬৫৯৩৬৬) তিনি ডিজিটাল প্লাটফর্মে এজিএম করায় ভুয়সী প্রশংসা করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ আব্বাস মিয়া (বিও নং-১২০১৫৩০০০১৬৪৬০৭৮) তিনি ডিজিটাল প্লাটফর্মে এজিএম করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোহাম্মদ আলী (বিও নং-১২০৩১৪০০১৯৫৭৫২২৪) তিনি ডিজিটাল প্লাটফর্মে এজিএম করায় ধন্যবাদ জানান।

সম্মানিত শেয়ারহোল্ডার জনাব বিশ্বজিৎ ঘোষ (বিও নং-১২০২০৫০০০৪২৫৬১০৮) তিনি আগামীতে ভালো ডিভিডেন্ড প্রদানের অনুরোধ করেন এবং এজিএম সামনা সামনি করার আহবান জানান।

চেয়ারম্যান সম্মানিত শেয়ারহোল্ডারদের মূল্যবান মতামতের প্রেক্ষিতে বলেন যে, ব্যবস্থাপনা পরিচালক তাঁর স্বাগত বক্তব্যে কোম্পানির বর্তমান অবস্থা সম্পর্কে একটা পূর্ণাঙ্গ চিত্র তুলে ধরেছেন। উক্ত বক্তব্যের মধ্যে শেয়ারহোল্ডারদের প্রশ্নের জবাব রয়েছে। তবে আগামীতে স্বশরীরে এজিএম অনুষ্ঠান করার আশাবাদ ব্যক্ত করে বার্ষিক সাধারণ সভায় যুক্ত হয়ে আলোচনায় অংশগ্রহণ, যুক্তিযুক্ত এবং গঠনমূলক মতামত প্রদানের জন্য সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে ধন্যবাদ জানান।

পরবর্তীতে চেয়ারম্যান মহোদয় সম্মানিত পরিচালকগণের নিকট থেকে তাদের মূল্যবান মতামত প্রদানের জন্য অনুরোধ করলে বিদায়ী পরিচালক জনাব এস.এম. রুহুল আমীন (রিজভী) দীর্ঘদিন ন্যাশনাল টিউবস লি: এর পরিচালক হিসেবে থাকায় নিজেকে ধন্য মনে করে সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ন্যাশনাল টিউবস লি: এর উত্তরোত্তর সমৃদ্ধ কামনা করেন। অন্যান্য পরিচালকগণ প্রতিষ্ঠানের বর্তমান উৎপাদন ও বিক্রয় ধারা অব্যাহত রাখার পাশাপাশি কাঁচামাল ক্রয়ে ফ্রেম ওয়ার্ক চুক্তি এবং বর্তমান প্রক্রিয়াধীন কাঁচামাল আমাদানীর বিষয়ে সচেষ্ট থাকার আহ্বান জানান।

চেয়ারম্যান মহোদয় সভায় আলোচনার জন্য আর কোন বিষয় না থাকায় শেয়ারহোল্ডারবৃন্দ, কোম্পানি বোর্ডের পরিচালকবৃন্দ, প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাবৃন্দ, গ্রাহকবৃন্দ এবং উপস্থিত অন্যান্য ব্যক্তিবর্গ-কে অব্যাহত সমর্থন, সহযোগিতা ও বিভিন্ন বিষয়ে মূল্যবান মতামত প্রদানের জন্য ব্যক্তিগতভাবে এবং পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং সকলের মঙ্গল ও সুস্বাস্থ্য কামনা করে এনটিএল'র ৪২তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল হক ভূঁঞা, এনডিসি)
চেয়ারম্যান
বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন
ও এনটিএল কোম্পানি বোর্ড